COVID-19 পরীক্ষা ক্লিনিক সম্পর্কিত তথ্য

Information about COVID-19 testing clinics

Bengali

সমাজের পর্যাপ্ত সংখ্যক মানুষ COVID-19-র পরীক্ষা করাচ্ছেন না।

সমাজের মধ্যে COVID-19 এর বিস্তার রোধে সহায়তা করতে এই সংক্রমনের উপসর্গ আছে এমন প্রত্যেকের পরীক্ষা করা দরকার।

আমার কি পরীক্ষা করা উচিত?

- আপনার যদি কোনও লক্ষণ থাকে তাহলে আপনার পরীক্ষা করা উচিত। লক্ষণগুলোর মধ্যে রয়েছে জ্বর, কাশি, গলা ব্যথা/চুলকানি, শ্বাসকষ্ট, স্বাদ বা গন্ধ হারানো।
- এমনকি আপনি মাস্ক পরে থাকেন এবং অনেকের সাথে মেলামেশা করেন না, এর পরেও সংক্রমনের লক্ষণগুলো থাকলে আপনার পরীক্ষা করা উচিত।
- আপনি যদি উদ্বেগপূর্ণ কোন এলাকায় গিয়ে থাকেন, তবে এই ওয়েবসাইটের পরামর্শ অনুসরণ করুন: https://www.nsw.gov.au/covid-19/latest-news-and-updates#self-isolate-and-get-tested-immediately-if-youve-been-to-these-locations

পরীক্ষা করা কি নিরাপদ?

- পরীক্ষার ক্লিনিকগুলো পরিষ্কার এবং নিরাপদ। ফলে পরীক্ষা করা নিরাপদ।

পরীক্ষা করানোর জন্য আমাকে কি কোন ফি দিতে হবে? পরীক্ষা করানোর জন্য আমার কি মেডিকেয়ার কার্ডের দরকার?

- সরকারী ক্লিনিকে বিনামূল্যে পরীক্ষা করা হয়। আপনার কোনও মেডিকেয়ার কার্ডের দরকার নেই।

আমি কোথায় পরীক্ষা করাতে পারি?

- অনেকগুলো পরীক্ষার ক্লিনিক রয়েছে। এই ওয়েবসাইটটিতে NSW-এর পরীক্ষা ক্লিনিকগুলো দেখা যাবে: https://www.health.nsw.gov.au/Infectious/covid-19/Pages/clinics.aspx
- আপনি যেকোনো একটি সরকারী ক্লিনিকে অনায়াসে চলে যান। এর জন্য আপনার অ্যাপয়েন্টমেন্ট করার দরকার নেই।
- কিছু ক্লিনিকে আপনি ভিতরে হেঁটে যেতে পারেন। অন্যান্য ক্লিনিকগুলোতে গাড়িতে বসে থেকে করতে হয়।
- দোভাষীর ব্যবস্থা আছে। আপনার পৌঁছানোর পর, ক্লিনিক টেলিফোন দোভাষীর ব্যবস্থা করতে পারে।
- আপনি আপনার জিপিকেও (স্থানীয় ডাক্তার) পরীক্ষার বিষয়ে জিজ্ঞাসা করতে পারেন। জিপিরা পরীক্ষার ব্যবস্থা করতে পারেন।

শিশুরা কি পরীক্ষা করাতে পারবে?

- হ্যাঁ, শিশুরা পরীক্ষা করাতে পারবে।
- কিছু ক্লিনিক খুব কম বয়সী শিশুদের পরীক্ষা নাও করতে পারে। বয়সসীমা জানার জন্য আপনি ক্লিনিকে ফোন করতে পারেন বা NSW স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটটি দেখতে পারেন: https://www.health.nsw.gov.au/Infectious/covid-19/Pages/clinics.aspx

পরীক্ষা করতে কি দীর্ঘ সময় লাগে?

- পরীক্ষা খুব দ্রুত করা হয়।
- ক্লিনিক ব্যস্ত থাকলে আপনার পরীক্ষা করার জন্য আপনার অপেক্ষা করতে হতে পারে

আমি কীভাবে আমার ফলাফল পাব?

- বেশিরভাগ পরীক্ষার ফলাফল টেক্সট মেসেজ এর মাধ্যমে প্রেরণ করা হয় অথবা ক্লিনিকের দেওয়া নম্বরটিতে আপনি ফোন করতে পারেন। বেশিরভাগ ফলাফল ২৪ ঘণ্টার থেকেও কম সময়ে পাওয়া যায়।
- যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ হয়, তবে স্বাস্থ্য বিভাগ আপনাকে ফোন করবে।

আমার পরীক্ষা হওয়ার পরে কী হবে?

- ফলাফল না পাওয়া পর্যন্ত আপনাকে অবশ্যই আলাদা (বা সেলফ্-আইসোলেট) থাকতে হবে। এর অর্থ আপনাকে বাড়িতে থাকতে হবে এবং অন্যান্য লোকদের কাছ থেকে দূরে থাকতে হবে।

আমার COVID-19 হলে কী হবে?

- আমরা আপনাকে ফোন করবো, আরও প্রশ্ন জিজ্ঞাসা করবো এবং আপনাকে কী করতে হবে তা বলবো।
- আপনাকে ১৪ দিন বাড়িতে থাকতে হবে এবং অন্যান্য লোকদের কাছ থেকে দূরে থাকতে হবে।
- বেশিরভাগ লোকের হাসপাতালে বা কোয়ারেন্টিন হোটেলে যাওয়ার দরকার নেই।
- স্বাস্থ্য ব্যবস্থা আপনাকে সহায়তা করবে। আপনার যদি হাসপাতালে চিকিৎসার প্রয়োজন হয়, তবে আপনার কোনও খরচ হবে না

Information about COVID-19 testing clinics

Not enough people in the community are getting tested for COVID-19.

Everyone with symptoms needs to get tested to help stop the community spread of COVID-19.

Should I get tested?

- If you have any symptoms you should get tested. Symptoms include fever, cough, sore/ scratchy throat, shortness of breath, loss of taste or smell.
- Even if you wear a mask and don't see many people, you should still get tested if you have symptoms.
- If you have been to an area of concern, follow the advice on this website: https://www.nsw.gov.au/covid-19/latest-news-and-updates#self-isolate-and-get-tested-immediately-if-youve-been-to-these-locations

Is it safe to get tested?

- The testing clinics are clean and safe. It is safe to get tested.

Do I have to pay to get tested? Do I need a Medicare card to get tested?

- In a public clinic, it is free to get tested. You don't need a Medicare card.

Where can I get tested?

- There are many testing clinics. This website shows the testing clinics in NSW: https://www.health.nsw.gov.au/Infectious/covid-19/Pages/clinics.aspx
- You can just turn up at a public clinic. You don't need to make an appointment.
- Some clinics you can walk into. Other clinics are drive-through clinics.
- Interpreters are available. The clinic can arrange a telephone interpreter when you arrive.
- You can also ask your GP (local doctor) about testing. GPs can arrange testing.

Can children get tested?

- Yes, children can get tested.
- Some clinics may not test very young children. You can call the clinic or check the NSW Health website for age limits: https://www.health.nsw.gov.au/Infectious/covid-19/Pages/clinics.aspx

Does it take long to get tested?

- The test is very quick.
- If the clinic is busy you might need to wait to be tested

How will I get my results?

- Most test results are sent by text message or you can call the number provided by the clinic. Most results are available in less than 24 hours.
- If your test is positive, the health service will call you.

What happens after I get tested?

- You need to self-isolate until your get your results. This means you need to stay at home, away from other people.

What happens if I have COVID-19?

- We will call you, ask you more questions, and tell you what to do.
- You will need to stay home for 14 days, away from other people.
- Most people don't need to go to hospital or a quarantine hotel.
- The health system will support you. If you need treatment in hospital there will no cost to you.

October 2020